

PRINT

সমকাল

জবিতে র‍্যাগিং নিয়ে ছাত্রলীগের দু'পক্ষে সংঘর্ষ, আহত ৫

১১ ঘণ্টা আগে

জবি প্রতিবেদক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ভর্তিচ্ছু শিক্ষার্থীদের র‍্যাগিং দেওয়া নিয়ে শাখা ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়েছে। গতকাল রোববার সকাল থেকে ক্যাম্পাসের কলা ভবন ও প্রশাসনিক ভবনের সামনে দফায় দফায় এ সংঘর্ষ হয়। এ ঘটনায় ছাত্রলীগের পাঁচ কর্মী আহত হন। তাদের মধ্যে হিরো (১৩তম ব্যাচ) ও নোমান (১২তম ব্যাচ) নামে দু'জনকে পুরান ঢাকার ন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করানো হয়।

জানা যায়, গত শনিবার দুপুরে ভর্তি পরীক্ষার পর হিরোর সাতক্ষীরা জেলা এলাকার কয়েকজন ভর্তিচ্ছু ক্যাম্পাসে ঘুরতে থাকে। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী শান্ত, তানভীর, সালমান ভর্তিচ্ছুদের র‍্যাগ দেয়। এ ঘটনা দেখে হিরো তাদের পরিচয় জানতে চেয়ে র‍্যাগ দেওয়ার কারণ জানতে চাইলে কথা কাটাকাটির এক পর্যায়ে তানভীর, শান্ত, সালমান মিলে হিরোকে মারধর করে। পরে হিরো ক্যাম্পাসের নোমান, কান্তি, তোহিদকে ফোন করে ডাকলে তাদের সঙ্গে শান্তদের আবার হাতাহাতি ও মারধরের ঘটনা ঘটে। এ ঘটনায় শনিবার আরও কয়েকবার সংঘর্ষ হয়। এর জেরে রোববার দুপুরে নোমান ও তার বন্ধুরা ক্যাম্পাসের কাঁঠাল তলায় আড্ডা দিতে থাকলে তানভীর শান্ত, বহিরাগত রাসিকরা মিলে নোমানদের ওপর হামলা চালায়। এতে নোমানের হাতে ও মাথায় আঘাত লাগে। পরে দুপুর ১টার দিকে কাঁঠালতলায় ছাত্রলীগ সভাপতি তরিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদিন রাসেল মারামারির ঘটনার সমাধান করতে বসলে তাদের সামনেই ছাত্রলীগের দু'গ্রুপের কর্মীরা সংঘর্ষে জড়ায়। সংঘর্ষ কলাভবন, সামাজিক বিজ্ঞান ভবন, ক্যান্টিন ও প্রশাসনিক ভবনের সামনে ছড়িয়ে পড়লে সাধারণ শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। পরে আবার ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদকের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়। এ ঘটনায় ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

জানা গেছে, হিরো, নোমান, কান্তি জবি শাখা ছাত্রলীগের সভাপতি গ্রুপের কর্মী আর তানভীর, শান্ত, সালমান বহিরাগত রাসিক সাধারণ সম্পাদক গ্রুপের কর্মী।

জবি ছাত্রলীগের সভাপতি তরিকুল ইসলাম বলেন, জবির সাতক্ষীরা জেলা ছাত্রকল্যাণ ও ময়মনসিংহ জেলা ছাত্রকল্যাণের জুনিয়রদের র্যাগিংকে কেন্দ্র করে মারামারির ঘটনা ঘটে। পরে তাদের সিনিয়রদের নিয়ে বসে ঘটনার সমাধান করি।

জবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদিন রাসেল বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রথম

বর্ষের শিক্ষার্থীরা ভুল বোঝাবুঝির কারণে সংঘর্ষে জড়িয়ে পড়ে।

জবি প্রক্টর অধ্যাপক ড. নূর মোহাম্মদ বলেন, ক্যাম্পাসে মারামারির ঘটনা শুনেছি। তবে কেউ লিখিত অভিযোগ দেয়নি। অভিযোগ দিলে ব্যবস্থা নেওয়া হবে।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com